

শিরোনাম

বিশেষ

দানে কিণ্টেমি, লাভে যোলোআনা: কোম্পানিগুলোর টিকার ব্যবসা রমরমা

🏠 / শিক্ষা / ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্টের উপর তিনদিনব্যাপি দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন



ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্টের উপর তিনদিনব্যাপি দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন

নতুন বার্তা, ঢাকা:

Published : Friday, 25 June, 2021 at 2:27 AM

📄 প্রিন্ট অ+ অ- অ



Get \$20 in Free Ads!



Get \$20 in Free Ads!



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ অ্যান্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগ বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সহযোগিতায় ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্টের উপর তিনদিনব্যাপি দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনের (i-IKM 2021) আয়োজন করেছে। করোনা প্রাদুর্ভাবের কারণে সম্মেলনটি ডার্চিয়াল মাধ্যমে ২৪ থেকে ২৬ জুন ২০২১ অনুষ্ঠিত হবে। গতকাল বৃহস্পতিবার সম্মেলনটির উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম. এ. মাল্লান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, প্রধান উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা উপাচার্য, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মুহাম্মদ জিয়াউলহক মামুন, উপ-উপাচার্য, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। আরো উপস্থিত ছিলেন সম্মেলনের সভাপতি ড. দিলারা বেগম, চেয়ারপারসন ও সহযোগী অধ্যাপক, ইনফরমেশন স্টাডিজ অ্যান্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগ, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। উদ্বোধনী অনুষ্ঠানের মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক আনা মারিয়া তামারু, পারমা বিশ্ববিদ্যালয়, ইতালি।

অনুষ্ঠানের শুরুতেই মাননীয় সভাপতি, বিশেষ অতিথি এবং সম্মেলনের সভাপতিকে সঙ্গে নিয়ে প্রধান অতিথি মহোদয় কনফারেন্স প্রসিডিংসের ই-বুকের মোড়ক উন্মোচন করেন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন যে টেকসই তথ্য প্রতিষ্ঠান সরকারের এসডিজি লক্ষ্য পূরণে সহায়তা করছে এবং জ্ঞান ভিত্তিক সমাজ গঠনে ভূমিকা রাখছে। এছাড়াও তিনি আয়োজকদের এই পদক্ষেপের প্রশংসা করেন।

২৫ ও ২৬ জুন অনুষ্ঠিতব্য শেসনে মোট ৪৯ জন উপস্থাপক তাদের পেপার উপস্থাপন করবেন। কারিগরি শেসনে ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্টের বৈচিত্রময় বিষয়গুলো আলোচনা করা হবে। আমেরিকা, মেক্সিকো, ইতালি, অস্ট্রেলিয়া, ইন্দোনেশিয়া, বসনিয়া-হার্জেগোভিনা, দক্ষিণ আফ্রিকা, সুইডেন, হং কং, তুরস্ক এবং ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশের পেশাজীবীরা কারিগরি শেসনে তাদের অভিজ্ঞতা এবং ব্যবহারিক জ্ঞান বিতরণ করবেন।